

# বেরোবি'র আহত শিক্ষার্থী নিলয়কে দেখতে তার বাড়িতে যান উপাচার্য

বেরোবি প্রতিনিধি

প্রকাশিত: ২২:৫৯, ১৮ অক্টোবর ২০২৫



ছবি: জনকণ্ঠ

বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়, রংপুরের উপাচার্য প্রফেসর ড. মো. শওকাত আলী শনিবার (১৮ অক্টোবর ২০২৫) বিকেলে বিশ্ববিদ্যালয়ের মার্কেটিং বিভাগের আহত শিক্ষার্থী নিলয় সরকারকে দেখতে গাজীপুরের টঙ্গিতে তার গ্রামের বাড়িতে যান।

গত ১৩ অক্টোবর রাতে বিশ্ববিদ্যালয়ের ফুটবল খেলাকে কেন্দ্র করে তিন বিভাগের শিক্ষার্থীদের মধ্যে সংঘর্ষের ঘটনা ঘটে। এ সময় মার্কেটিং বিভাগের শিক্ষার্থী নিলয় সরকার চোখে কাঁচের টুকরার আঘাতে গুরুতর আহত হন। সংঘর্ষের পরপরই বিশ্ববিদ্যালয় প্রশাসনের পক্ষ থেকে তাকে দ্রুত হাসপাতালে ভর্তি ও চিকিৎসার ব্যবস্থা করা হয়।

উপাচার্য প্রফেসর ড. মো. শওকাত আলী টঙ্গিতে গিয়ে নিলয়ের শারীরিক অবস্থার খোঁজখবর নেন এবং তার বাবা-মায়ের সঙ্গে কথা বলেন। তিনি নিলয়ের চিকিৎসার অগ্রগতি সম্পর্কে বিস্তারিত জানতে চান এবং চিকিৎসা সহায়তায় বিশ্ববিদ্যালয় প্রশাসনের পক্ষ থেকে সর্বাত্মক সহযোগিতা অব্যাহত রাখার আশ্বাস দেন।

এ সময় উপাচার্য জানান, নিলয়ের উন্নত চিকিৎসার ব্যবস্থা করা হবে এবং চিকিৎসার সব ব্যয়ভার বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ বহন করবে। পাশাপাশি তার অসুস্থতার কারণে যাতে শিক্ষাজীবন বিলম্বিত না হয়, সে ব্যাপারেও সহযোগিতার আশ্বাস প্রদান করেছেন উপাচার্য।

